



প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: রাশিয়ার বাসকরতোস্তানের গভর্নরের সাথে রাষ্ট্রদূত কামরুল আহসানের বাণিজ্য ও শ্রমশক্তি রপ্তানীর বিষয়ে ঐক্যমত।

১৫ ডিসেম্বর ২০২৩ খ্রি.

রাশিয়ায় নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত জনাব কামরুল আহসান বাসকরতোস্তান অঞ্চলের গভর্নর মি: রাদি খাবিরভের আমন্ত্রণে গত ১২ থেকে ১৪ ডিসেম্বর বাসকরতোস্তানের রাজধানী উফা সফর করেন। এ সফরকালে তিনি গভর্নর মি: রাদি খাবিরভের সাথে দ্বিপাক্ষিক আলোচনা ছাড়াও স্থানীয় চেম্বারের সভাপতি, উফা শহরের ডেপুটি মেয়র ও গ্র্যান্ড মুফতির সাথে বৈঠকে মিলিত হন।

বাসকরতোস্তান রাশিয়ার অন্যতম মুসলিম অধ্যুষিত এবং অর্থনৈতিক ও বাণিজ্যিক ভাবে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি অঞ্চল। এখানকার মাঝারি ও ভারী শিল্প খাতে প্রচুর দক্ষ কর্মীর চাহিদা রয়েছে। ১৩ই ডিসেম্বরে গভর্নর রাদি খাবিরভের সাথে রাষ্ট্রদূত কামরুল আহসানের আনুষ্ঠানিক বৈঠকে বাংলাদেশ থেকে এ অঞ্চলে দক্ষ জনশক্তি রপ্তানির বিষয়ে ও দ্বিপাক্ষিক বাণিজ্যের বিভিন্ন সম্ভাবনা নিয়ে গুরুত্বপূর্ণ আলোচনা হয়। পরে আঞ্চলিক সরকারের শ্রম বিষয়ক মন্ত্রীর সাথে ১৪ই ডিসেম্বর রাষ্ট্রদূতের আরেকটি পৃথক বৈঠক অনুষ্ঠিত হয়। উক্ত বৈঠকসমূহে বাংলাদেশ থেকে জনশক্তি আমদানীর বিষয়ে ঐক্যমত হয়েছে এবং প্রাথমিক পর্যায়ে বাংলাদেশ সরকার নিয়ন্ত্রিত বিদেশে কর্মী প্রেরণকারী প্রতিষ্ঠানের মাধ্যমেই সকল নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন হবে মর্মে সিদ্ধান্ত হয়।

গভর্নরের সাথে বৈঠকে রাষ্ট্রদূত কামরুল আহসান বাংলাদেশ থেকে রাশিয়ায় রপ্তানিযোগ্য সম্ভাব্য পণ্যসমূহের বিস্তারিত তালিকা উপস্থাপন করেন। দ্বিপাক্ষিক বাণিজ্যের বিভিন্ন অনুষঙ্গ যেমন ভিসা জটিলতা, ব্যাংকিং, পরিবহন, পর্যটন, বাণিজ্য মেলায় অংশগ্রহণ, ব্যবসায়ীদের মধ্যে যোগাযোগ বৃদ্ধি নিয়েও বিস্তারিত আলোচনা হয়। গভর্নর রাদি খাবিরভ ও রাষ্ট্রদূত কামরুল আহসানের মধ্যে অনুষ্ঠিত বৈঠকের খবর স্থানীয় প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়াতে গুরুত্বসহকারে প্রচারিত হয়। বৈঠকে আরো উপস্থিত ছিলেন আঞ্চলিক সরকারের ডেপুটি গভর্নরবৃন্দ এবং দূতাবাসের প্রথম সচিব (শ্রম) মো: মাজেদুর রহমান সরকার।

উক্ত দ্বিপাক্ষিক বৈঠক ছাড়াও সফরকালে রাষ্ট্রদূত বাসকরতোস্তান অঞ্চলের চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ এর প্রেসিডেন্ট মি: টি. এ. খাকিমভ এবং উফা সিটি গভ:র্নেন্ট এর ডেপুটি মেয়র মি. কাগিরগাদজিয়েভ এর সাথেও পৃথক পৃথক বৈঠক করেন। এসব বৈঠকে বাসকরতোস্তান অঞ্চলের সাথে বাংলাদেশের পারস্পরিক বাণিজ্য বৃদ্ধিকল্পে বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

এছাড়াও রাষ্ট্রদূত কামরুল আহসান বাসকরতোস্তান স্টেট মেডিকেল বিশ্ববিদ্যালয় পরিদর্শন করেন এবং বিশ্ববিদ্যালয়ের ভাইস রেক্টর ও সিনিয়র ফ্যাকাল্টি মেম্বারদের সাথে বাংলাদেশি শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধিকল্পে করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। পরে এই বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত বাংলাদেশি শিক্ষার্থীদের সাথে তিনি মত বিনিময় করেন। সফরকালে রাষ্ট্রদূত কামরুল আহসান রাশিয়ান ফেডারেশনের গ্র্যান্ড মুফতি ও সেন্ট্রাল মুসলিম স্পিরিটুয়াল এডমিনিস্ট্রেশন এর চেয়ারম্যান মি: টালগাত সাফা তাজুদ্দীন এর সাথে সৌজন্য সাক্ষাতে মিলিত হন।

